

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪০৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বিতর সালাত ফরয নয় মর্মে ষষ্ঠ হাদীস

ذَكْرُ خَبْرِ سَادِسٍ يَدْلُلُ عَلَى أَنَّ الْوِتْرَ غَيْرَ فَرْضٍ

আরবী

2406 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو الرَّبِيعِ الزَّهْرَانِيُّ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ عَبْدِ اللَّهِ الْقُمِّيُّ قَالَ: حَدَّثَنَا عِيسَى بْنُ جَارِيَةَ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي شَهْرِ رَمَضَانَ ثَمَانَ رَكَعَاتٍ وَأَوْتَرَ فَلَمَّا كَانَتِ اللَّيْلَةُ الْقَابِلَةُ اجْتَمَعْنَا فِي الْمَسْجِدِ وَرَجَوْنَا أَنْ يَخْرُجَ فَيُصَلِّيَ بِنَا فَأَقْمَنَا فِيهِ حَتَّى أَصْبَحَنَا فَقْلَنَا: يَا رَسُولَ اللَّهِ رَجَوْنَا أَنْ تَخْرُجَ فَتُصَلِّيَ بِنَا قَالَ: (إِنِّي كَرِهُتُ - أَوْ خَشِيتُ - أَنْ يَكْتُبَ عَلَيْكُمُ الْوِتْرَ)

الراوي : جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ | المحدث : العالمة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2406 | خلاصة حكم المحدث: حسن لغيره - دون لفظ: ((الوتر)),

والصحيح: ((الليل)).

বাংলা

২৪০৬. জাবির বিন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের নিয়ে রম্যান মাসে আট রাকা'আত নফল সালাত ও বিতর সালাত আদায় করেন। অতঃপর পরের দিন আমরা মাসজিদে জমায়েত হই এবং আমরা আশা করি যে, তিনি আমাদের উদ্দেশ্যে বের হবেন এবং আমাদের নিয়ে সালাত আদায় করবেন। অতঃপর আমরা সুবহে সাদিক অবধি অবস্থান করতে থাকি। তারপর আমরা বলি, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা আশা করেছিলাম যে, আপনি আমাদের উদ্দেশ্যে বের হবেন এবং আমাদের নিয়ে সালাত আদায় করবেন।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “নিশ্চয়ই আমি আশংকা করেছি - অথবা (রাবীর সন্দেহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) আমি অপচন্দ করেছি- তোমাদের উপর বিতর (রাতের সালাত) ফরয করে দেওয়া হবে।”[1]

## ফুটনোট

[1] তাবারানী আস সাগীর: ৫২৫; সহীহ ইবনু খুয়াইমাহ: ১০৭০; হাইসামী, মাজমা'উয় যাওয়াইদ: ৩/১৭২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ হাদীসটিকে যঙ্গফ বলেছেন। আল্লামা নাসিরুল্দিন আলবানী  
রহিমাহল্লাহ হাদীসটিকে “বিতর সালাত নয় বরং রাতের সালাত” শব্দে হাসান লিগাইরিহী বলেছেন। (ইরওয়াউল  
গালীল: ২/১৫৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: হাদিসবিডি □ বর্ণনাকারী: জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91730>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন